

মেলা

৫ সেপ্টেম্বর ১৯৮৭ পাঁচ টাকা

ন ত

ভারতোৎসবে নিবেদিত নৃত্যোৎসব

সম্প্রতি কলকাতার সোভিয়েত দূতাবাসের সাংস্কৃতিক দপ্তরের সহযোগিতায় ইউথ গিভের উদ্যোগে গোর্কিসদনে পাঁচদিন ব্যাপী যে নৃত্য-উৎসব অনুষ্ঠিত হল তার প্রধান উদ্দেশ্য ছিল যথার্থ প্রতিভাসম্পন্ন নবীন নৃত্যশিল্পীদের বিশেষভাবে উৎসাহিত করা। ১৯৮৭-৮৮ সালে মস্কোয় আয়োজিত ভারতোৎসবের প্রতি শুভেচ্ছার নিদর্শনে এই উৎসব নিবেদিত হয়েছিল।



প্রিয়দর্শিনী সোম

দ্বিতীয় অধিবেশন ॥ এই অধিবেশনের প্রথম শিল্পী ছিলেন প্রিয়দর্শিনী সোম (ঘোষ)। তিনি পরিবেশন করলেন মোহিনী আট্যম। থাকামণি কুট্রির অন্যতমা ছাত্রী প্রিয়দর্শিনী এই নৃত্য ধারার আঙ্গিক ও প্রকরণ ইতিমধ্যে অনেকখানি আয়ত্ত করতে সক্ষম হয়েছেন। এই নৃত্যশৈলীর ছন্দোময়তার উজ্জ্বলতায় যে আনন্দময় প্রকাশ তা প্রিয়দর্শিনীর নৃত্যভঙ্গিমায় বারেবারেই মূর্ত হয়েছে। পরিবেশিত 'পদম'টিতে তাঁর নৃত্যভিনয় স্মরণীয় নিবেদন। কালীয় নর্তনম-এ বিভিন্ন ছন্দের বিন্যাস বৈচিত্র্য রূপায়ণে প্রিয়দর্শিনী যে দক্ষতা প্রদর্শন করলেন তা নিঃসন্দেহে প্রশংসনীয়। মোহিনী আট্যম নৃত্যশৈলীর আঙ্গিকটিকে

স্বতন্ত্রভাবে চিহ্নিত করে পরিবেশন করার মধ্যে যে সংযমের ও সতর্কতার প্রয়োজন তা প্রিয়দর্শিনী তাঁর অভিজ্ঞতায় আরো পরিণত করে তুলবেন এ প্রত্যাশা করা যায়। সহযোগী শিল্পীদের মধ্যে নট্টভঙ্গমে সূচিত্রা মিত্র, কণ্ঠসংগীতে লক্ষ্মীনারায়ণ স্বামী, এড়ক্কয়-এ কেশব পোডোয়াল এবং হারমোনিয়মে শ্রী রামকৃষ্ণের সার্থক সহযোগিতা বিশেষভাবে স্মরণযোগ্য।